



স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০২.০৮.০০১.২৪-১০১৭

তারিখ :- ০৮.০৪.২০২৪ খ্রিঃ।

**“জেলা পরিষদের মালিকানাধীন পুকুর ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান”**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন নিম্ন বর্ণিত পুকুরটি নিম্নে উল্লেখিত শর্তসাপেক্ষে মৎস্য চাষের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রদানের নিকট হতে নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল আগামী ২৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন জেলা পরিষদ কার্যালয় এবং রৌমারী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ আগামী ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখে দুপুর ১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ৪.৩০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দাখিলকৃত খামের উপর সংশ্লিষ্ট পুকুরের নাম/দরপত্রদাতার নাম উল্লেখ করতে হবে।

| ক্রম | পুকুরের অবস্থান   | সময়কাল                                      | সিডিউলের মূল্য |
|------|---|--|----------------|
| ০১   | রৌমারী ডাকবাংলোর সামনে দক্ষিণ পার্শ্বের পুকুর ০১ (এক) টি। | ১শা জুলাই ২০২৪ হতে<br>৩০ শে জুন ২০২৭ (৩ বছর) | ১০০০/-         |

**শর্তাবলী :-**

- ০১। প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের ১০০% মূল্য, আয়কর ৫% ও মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% যে কোন তফশীল ব্যাংক থেকে বিডি/সিডি/পে-অর্ডারের মাধ্যমে পৃথক পৃথকভাবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম এর অনুকূলে দাখিল করতে হবে। কোনভাবেই দরের সংগে আয়কর ও ভ্যাট জমা না দিলে তা গ্রহণযোগ্য হবে না।
- ০২। দরপত্র দাখিলের পর পুকুর সংক্রান্ত কোন প্রকার আপত্তি/অজুহাত বিবেচনা করা হবে না। কাজেই নির্ধারিত সীমানাসহ অন্যান্য বিষয়ে পুকুরের স্থান পরিদর্শনপূর্বক দরপত্র দাখিল করার জন্য পরামর্শ দেয়া হল।
- ০৩। গৃহীত দরপত্র দাতার তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ডে লটকানো হবে। যে দরদাতার দরপত্র অনুমোদিত হবে তাকে ইজারা বন্দোবস্ত গ্রহণের নিমিত্ত পত্র দেয়া হবে। পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে জেলা পরিষদ, কুড়িগ্রাম বরাবর চুক্তিনামা সম্পাদন পূর্বক দখলনামা গ্রহণ করতে হবে।
- ০৪। প্রয়োজনবোধে কোন পুকুরের প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী দরের কম হলে কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার ব্যাংক ড্রাফট চূড়ান্ত সিদ্ধান্তের পূর্ব পর্যন্ত সংরক্ষণ করে পুনঃ দরপত্র আহবান করতে পারবেন।
- ০৫। নির্ধারিত তারিখের পর কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। দেয় দরে অথবা কথায় কাটাকাটি হয়ে গেলে দরপত্র দাতা কর্তৃক তা প্রতিস্বাক্ষরিত হতে হবে। দাখিলকৃত দরপত্র সিডিউলে কোন কাটাকাটি বা ঘষা-মাজা থাকলে বা প্রযোজ্য বিডি/সিডি/পিও দাখিল না করলে বা অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।
- ০৬। দরপত্র সিডিউল ক্রয়ের রসিদ দরপত্রের সংগে দাখিল না করলে তা বাতিল বলে গণ্য হবে।
- ০৭। দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের (আইডি কার্ড) ফটোকপি বাধ্যতামূলক ভাবে সিডিউল এর সঙ্গে দাখিল করতে হবে।
- ০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

ফোনঃ ০২৫৮৯৯-৫০৬৯০ (অফিস)  
ই-মেইলঃ ae@zpkurigram.gov.bd

তারিখ :- ০৮.০৪.২০২৪ খ্রিঃ।

স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০২.০৮.০০১.২৪-১০১৭/১(৫০)

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হ'ল :**

- ০১। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
- ০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা (উপ-সচিব), জেলা পরিষদ, কুড়িগ্রাম।
- ০৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
- ০৫। জেলা মৎস্য কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ০৬। উপজেলা চেয়ারম্যান, রৌমারী, কুড়িগ্রাম।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। বহুল প্রচারের জন্য অনুরোধসহ।
- ০৮। জনাব....., সাধারণ/সংরক্ষিত ওয়ার্ড নম্বর.....(সকল), সদস্য/সংরক্ষিত মহিলা সদস্য, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
- ০৯। উপজেলা মৎস্য কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম। বহুল প্রচারের জন্য অনুরোধসহ।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রৌমারী থানা, কুড়িগ্রাম।
- ১১। জনাব/জনাবা.....।
- ১২। কেয়ার টেকার, রৌমারী ডাকবাংলো। তাকে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হ'ল।
- ১৩। নোটিশ বোর্ড/অফিস নথি।

সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, কুড়িগ্রাম।